**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাজ্যে পেট্রোল ডিজেলের উপর থেকে রেশনিং ব্যবস্থার প্রত্যাহার ।**

**(২) নাগরিকত্ব (সংশোধন) আইন ২০২৪ কার্যকরের পর আজ থেকে নাগরিকত্ব শংসাপত্র প্রদানের কাজ শুরু হয়েছে ।**

**(৩) লোকসভা নির্বাচনের অবশিষ্ট তিন পর্যায়ের প্রচার জোর কদমে চলছে ।**

**(৪) সদরের আন্তঃ স্কুল ক্রিকেট প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত চারটি খেলায় শ্রীকৃষ্ণ মিশন স্কুল, কেন্দ্রীয় বিদ্যালয়, হলিক্রস স্কুল ও আসাম রাইফেলস পাব্লিক স্কুল জয়লাভ করেছে ।**

*********************************************

**Withdraw of Rationing :**

পেট্রোল ডিজেলের উপর থেকে আজ রেশনিং প্রত্যাহার করল খাদ্য, জনসংভরন ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর। খাদ্য দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, রাজ্যে পেট্রোপন্যের চাহিদা

অনুযায়ী যোগান সন্তোষজনক। এই পরিপ্রেক্ষিতে পেট্রোল ও ডিজেল বিক্রয়ের উপর চালু রেশনিং ব্যবস্থা প্রত্যাহার করা হয়েছে।

****************************

**MHA issues 1st set of citizenship certificate under CAA :**

নাগরিকত্ব (সংশোধন) আইন ২০২৪ কার্যকরের পর আজ থেকে নাগরিকত্ব শংসাপত্র প্রদানের কাজ শুরু হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লা নয়াদিল্লিতে ১৪ জন আবেদনকারীকে নাগরিকত্বের শংসাপত্র প্রদান করেন। স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, ইমেলের মাধ্যমে আরও অনেক আবেদনকারীদের ডিজিটাল স্বাক্ষরিত শংসাপত্র প্রদান করা হচ্ছে।

স্বরাষ্ট্র সচিব জানিয়েছেন, পাকিস্তান, বাংলাদেশ এবং আফগানিস্তান থেকে যে সমস্ত হিন্দু, শিখ, জৈন, বৌদ্ধ, পার্সি এবং খ্রিস্টান সম্প্রদায়ের ব্যক্তি ২০১৪ সালের একত্রিশে ডিসেম্বর পর্যন্ত সময়ের মধ্যে ভারতে প্রবেশ করেছে, নাগরিকত্ব (সংশোধনী) আইন, ২০২৪ অনুযায়ী তাদের নাগরিকত্ব শংসাপত্র প্রদান করা হবে।

****************************

**Vidyajyoti School :**

রাজ্য সরকারের বিদ্যাজ্যোতি স্কুলগুলোতে CBSE পরিচালিত এবছরের দশম এবং দ্বাদশ পরীক্ষার ফল পর্যালোচনা করবে বিদ্যালয় শিক্ষা দপ্তর। বিদ্যালয় শিক্ষা অধিকর্তা নৃপেন্দ্র শর্মা আকাশবাণীকে জানান, বিদ্যাজ্যোতি স্কুলগুলোর ফলাফল সংগ্রহের

কাজ চলছে। এবছর ৯৩টি বিদ্যাজ্যোতি স্কুল দশম এবং ৯২টি স্কুল থেকে দ্বাদশ মানের পরীক্ষার্থীরা পরীক্ষায় বসে।

****************************

**Congress Press Meet :**

প্রদেশ কংগ্রেস নেতৃবৃন্দ আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন, রাজ্যের বিদ্যাজ্যোতি প্রকল্পে যে সমস্ত স্কুল চলছে সেই সব স্কুলে সিবিএসই দ্বাদশ ও মাধ্যমিক পরীক্ষার ফলাফল হতাশাজনক। তা থেকে বোঝা যায়, রাজ্যের শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। রাজ্যের শিক্ষার মানোন্নয়নে অবিলম্বে কার্যকরী পদক্ষেপ নেওয়ার জন্য নেতৃবৃন্দ রাজ্য সরকারের কাছে দাবি জানিয়েছে। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন প্রদেশ মহিলা কংগ্রেস সাধারণ সম্পাদিকা শ্রেয়সী লস্কর ও কংগ্রেস নেতা পার্থ আচার্য।

***************************

**ECI Reviews Preparedness :**

নির্বাচন কমিশন আজ লোকসভা নির্বাচনের ৫ম ও ৬ষ্ঠ দফার প্রস্তুতি পর্যালোচনা করেছে। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং সুখবীর সিং সান্ধু ভিডিও কনফারেন্সের মাধ্যমে কমিশন কর্তৃক নিযুক্ত পর্যবেক্ষকদের সঙ্গে পর্যালোচনা সভা করেন। উল্লেখ্য, আগামী ২০শে মে পঞ্চম পর্যায়ে ৪৯টি সংসদীয় আসনে এবং আগামী ২৫শে মে ষষ্ঠ পর্যায়ে ৫৭টি লোকসভা আসনে ভোট গ্রহণ করা হবে।

****************************

**Supriya Das Datta-Sepahijala :**

নিউইয়র্কে অনুষ্ঠিত Commission on Population Development-এর ৫৭তম অধিবেশনে যোগ দেবার পর সিপাহীজলা জেলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত রাজ্যে ফিরে এসেছেন। আজ তাঁকে বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে সিপাহীজলা জেলা পরিষদের উদ্যোগে সংবর্ধনা প্রদান করা হয়। এই অনুষ্ঠান শেষে শ্রীমতি দাস দত্ত আকাশবাণীর সিপাহীজলা জেলার প্রতিনিধির কাছে নিউইয়র্ক শহরের অভিজ্ঞতা তুলে ধরেন।

***************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তারিত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

****************************

**Weekly awareness camp :**

গোমতী জেলা হাসপাতালে আজ হৃদরোগ এর বিষয় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গোমতী জেলা হাসপাতালের সাপ্তাহিক আলোচনার অঙ্গ হিসেবে আয়োজিত এই সচেতনতা মূলক এই আলোচনা সভায় বক্তৃব্য রাখেন ডা: তহিদুল ইসলাম, ডাঃ প্রদীপ মল্লিক, ডা: বিশ্বজিৎ পাল, ডা: নিলাদ্রী দেববর্মা।

****************************

**Workshop on Heatwave-Sepahijala :**

সিপাহীজলা জেলাশাসক অফিসের সভাগৃহে আজ জলবায়ু পরিবর্তন ও মানব স্বাস্থ্য সম্পর্কিত জাতীয় কর্মসূচির অঙ্গ হিসেবে তাপপ্রবাহ বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। স্বাস্থ্য দপ্তর আয়োজিত এই কর্মশালায় জেলার অন্তর্গত স্বাস্থ্য, শিক্ষা, পানীয়জল, সেচ, অগ্নিনির্বাপক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা অংশগ্রহণ করেন। কর্মশালায় স্বাস্থ্য দপ্তরের বিশিষ্ট প্রশিক্ষকরা আলোচনা করেন। উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি, অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার। অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার জানিয়েছেন, তাপপ্রবাহের সময়ে শিশু ও বয়স্ক লোক এবং বিভিন্ন পেশায় কর্তব্যরত জনগনের কি কি সতর্কতামূলক ব্যবস্থা গ্রহন করা উচিত সে সম্পর্ক বিষয় নিয়ে কর্মশালায় বিস্তারিত আলোচনা হয়।

****************************

**Election campaign :**

লোকসভা নির্বাচনের অবশিষ্ট তিন পর্যায়ের প্রচার জোর কদমে চলছে। বিভিন্ন রাজনৈতিক দলের বরিষ্ঠ নেতারা বিভিন্ন রোড শো ও জনসমাবেশে অংশ গ্রহণ করছেন।

প্রধানমন্ত্রী এবং বরিষ্ঠ বি জে পি নেতা নরেন্দ্র মোদী মহারাষ্ট্রের ডিনডোরীতে এক জনসভায় বলেন, তাঁর শক্তি হলো ১৪০ কোটি দেশবাসীর স্নেহ ও আশীর্বাদ।

বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ আজ পশ্চিম বঙ্গের হুগলীতে এক রেলীতে বক্তব্য রাখেন।

বরিষ্ঠ কংগ্রেস নেতা রাহুল গান্ধী আজ উড়িষ্যার বালাঙ্গীরে এক বাইক রেলী এবং নির্বাচনী জনসভায় যোগ দেন।

উড়িষ্যা মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়ক আজ রাউরকেলায় এক নির্বাচনী সভায় বক্তব্য রাখেন।

***************************

**Joint press conference of INDI alliance :**

INDI জোটের দলগুলি আজ উত্তর প্রদেশের রাজধানী লখনউতে এক যৌথ সংবাদিক সম্মেলন করে। সাংবাদিক সম্মেলনে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে এবং সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব সহ ইন্ডি জোটের বিশিষ্ট নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কংগ্রেস সভাপতি বলেন, সংবিধান ও গণতন্ত্র বাঁচাতে ২০২৪ সালের নির্বাচন খুবই গুরুত্বপূর্ণ। শ্রী খাড়গে অভিযোগ করেন, শিক্ষা থাকা সত্ত্বেও যুবকরা চাকরি পাচ্ছে না। সরকারি পদ রয়েছে, কিন্তু নিয়োগ হচ্ছে না বলেও তিনি অভিযোগ করেন।

সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব বলেন তার দলের ভিশন ডকুমেন্ট এবং INDI জোটের ইস্তেহারে বলা হয়েছে, জোট ক্ষমতায় এলে তা যথাযথভাবে বাস্তবায়ন করা হবে।

****************************

**Women's College-NSS :**

কলেজ স্তরে মেয়েদের অর্থনৈতিক ও সামাজিকভাবে আত্মনির্ভর করার লক্ষ্যে ওমেন্স কলেজ এনএসএস ইউনিট এক বিশেষ প্রশিক্ষণ শিবিরের উদ্যোগ গ্রহণ করেছে। আজ থেকে শুরু

হয়েছে এই প্রশিক্ষণ শিবির। এই শিবিরে কলেজের ছাত্রীহাতে কলমে বিভিন্ন সামগ্রী তৈরির জন্য প্রশিক্ষণ দেওয়া হবে। কলেজের এনএসএস ইউনিটের প্রোগ্রাম অফিসার রমা ঘোষ আজ একথা জানিয়েছেন। তিনি বলেন, এই প্রশিক্ষণ শিবিরে প্রায় ৬০০ শিক্ষার্থী অংশগ্রহণ করবে। ধাপে ধাপে তাদের প্রশিক্ষণ দেওয়া হবে।

*******************************

**SUCI Deputation :**

এস ইউ সিআই রাজ্য কমিটির পক্ষ থেকে দশ দফা দাবির ভিত্তিতে আজ জিবি হাসপাতালের মেডিকেল সুপারের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। সংগঠনের সদর জেলা সম্পাদক সুব্রত চক্রবর্তী জানান, উল্লেখযোগ্য দাবিগুলি হল হাসপাতালে জরুরি বিভাগ সব সময় চালু রাখা, বহির্বিভাগে টিকিট কাউন্টারের সংখ্যা বাড়ানো, বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করা, হাসপাতালের প্রতিটি বিভাগে ২৪ ঘন্টা বিশেষজ্ঞ চিকিৎসক, নার্স ও ওয়ার্ড বয় রাখা।

*************************

**Awareness programme :**

স্কুলস্তরের ছাত্রছাত্রীদের নেশার ক্ষতিকারক দিকগুলো সম্পর্কে অবহিত করতে আজ দক্ষিন জেলার বকাফা দ্বাদশ স্কুলে স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে এক সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে স্কুলের সহকারী প্রধান শিক্ষক নরেশ চন্দ্র দাস, ডা: বিতান সেনগুপ্ত, জাতীয় স্বাস্হ্য মিশন প্রকল্পের মিডিয়া এক্সপার্ট মানস চক্রবর্তী উপস্থিত ছিলেন।

****************************

**Plantation :**

আচার্য প্রফুল্ল চন্দ্র রায় স্মৃতি বিদ্যামন্দির ইকো ক্লাবের উদ্যোগে আজ বিদ্যালয়ে বৃক্ষরোপন কর্মসূচি অনুষ্ঠিত হয়। তাছাড়া বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা ও অনুষ্ঠিত হয়। প্রায় ১০০ জনের মতো ছাত্রছাত্রী এই কর্মসূচিতে অংশগ্রহণ করে।

**************************

**Inter: School Cricket :**

সদরের আন্ত: স্কুল ক্রিকেট প্রতিযোগিতার আজ অনুষ্ঠিত চারটি খেলায় শ্রীকৃষ্ণ মিশন স্কুল, কেন্দ্রীয় বিদ্যালয়, হলিক্রস স্কুল ও আসাম রাইফেলস পাব্লিক স্কুল জয়লাভ করেছে। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত সকালের খেলায় শ্রীকৃষ্ণ মিশন স্কুল ৯ উইকেটে বড়দোয়ালী স্কুলকে এবং একই মাঠে দুপুরের খেলায় কেন্দ্রীয় বিদ্যালয় ৮ উইকেটে উমাকান্ত একাডেমি ইংলিশ মিডিয়াম স্কুলকে পরাজিত করে। এদিকে, তালতলা মাঠে সকালের খেলায় হলিক্রস স্কুল ৫৭ রানে ড. বি আর আম্বেদকর স্কুলকে এবং পরে দুপুরে একই মাঠে আসাম রাইফেলস পাব্লিক স্কুল ৮ রানে প্রণবানন্দ বিদ্যাভবনকে হারিয়ে দেয়।

****************************

**First Division Cricket :**

ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতায় আজ অনুষ্ঠিত তিনটি খেলায় পোলস্টার ক্লাব, হার্ভে ক্লাব ও কসমোপলিটান ক্লাব জয়লাভ করেছে। নরসিংগড়ের টিআইটি মাঠে পোলস্টার ক্লাব ৭

উইকেটে মৌচাক ক্লাবকে, এমবিবি স্টেডিয়ামে হার্ভে ক্লাব ৪৮ রানে চলমান সংঘকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে কসমোপলিটন ক্লাব ৫ উইকেটে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

*******************************

**Senior Cricket Santirbazar :**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চ্যালেঞ্জার ট্রফির আজকের ম্যাচ বীরচন্দ্র মনুর গ্রীনআর্থ সোসাইটি ২১৪ রানের বিশাল ব্যবধানে পশ্চিম পিলাকের মহেশ্বরী কালিবাড়িকে পরাজিত করেছেন। আজ বাইখোড়া মাঠে টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে বিজয়ী দল গ্রীন আর্থ সোসাইটি ৩৮ ওভার ৩ বলে ২৮০ রান সংগ্রহ করে। জবাবে খেলতে নেমে মহেশ্বরী কালীবাড়ি ১৪ ওভার ২ বলে মাত্র ৬৬ রান সংগ্রহ করে।

***************************

**U-20 Football :**

ছত্তিশগড়ের নারায়নপুরে স্বামী বিবেকানন্দ জাতীয় অনূর্ধ্ব-২০ বছরের ছেলেদের ফুটবলের আসর থেকে ত্রিপুরা বিদায় নিয়েছে। গ্রুপের তৃতীয় ম্যাচেও আজ সকালে ত্রিপুরা পরাজিত হয়। রামকৃষ্ণ মিশন মাঠে অনুষ্ঠিত খেলায় প্রতিপক্ষ মহারাষ্ট্রের কাছে রাজ্যদল ৩-২ গোলে হেরে যায়। এর আগে প্রথম ম্যাচে রাজ্যদল ২-২ গোলে অরুণাচল প্রদেশের সাথে ড্র করলেও পরের ম্যাচে আসামের কাছে ৬-০ গোলে পরাজিত হয়।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় গরম এবং বাতাসে আর্দ্রতার প্রভাব অব্যহত থাকবে বলে সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাপমাত্রা সর্বোচ্চ ছত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সাঁইত্রিশ দশমিক ছয় ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। উত্তর, উনকোটি এবং ধলাই জেলার কিছু কিছু জায়গায় গরম এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকবে বলে আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে সতর্কতা জারি করা হয়েছে।

************************